

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আভ্যন্তরীণ সম্পদ বিভাগ
[মূল্য সংযোজন কর]

আদেশ

ঢাকা, ৪ঠা আষাঢ়, ১৩৯৯/১৮ই জুন, ১৯৯২ইং

SRO নং ১৪৩-আইন/৯২/৫৬-মুসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৩ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, এতদ্বারা নির্ধারণ করিলে যে, Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর শিরোনাম সংখ্যা (Heading No.) ২৭.১১ এবং সামঞ্জস্যপূর্ণ নামকরণ, কোড (H.S. code) ২৭১১.২১ এর বিপরীতে বর্ণিত গ্যাস দ্বারা উৎপাদিত কোন পণ্য রপ্তানির ক্ষেত্রে রপ্তানিকৃত পণ্যে ব্যবহৃত গ্যাসের উপর প্রদত্ত সম্পূরক শুল্ক প্রত্যর্পণ যোগ্য হইবেনা।

২। এই প্রজ্ঞাপন ১৭ই আষাঢ়, ১৩৯৯ মোতাবেক ১লা জুলাই, ১৯৯২ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(ডঃ একেএম মসিউর রহমান)

সচিব